# রেজিস্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১
ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪
: ০২৩৩৪৪৬০৭৭৯-৯১
এক্সটেন-অফ. : ৪২০১
ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮
ই-মেইল : registrarcu66@cu.ac.bd
মোবাইল ফোন :

# Registrar
University of Chittagong, Chattogram-4331
Phone : PABX 02334460765-74
: 02334460779-91
Extn-Off. : 4201
Fax : 02334460778
E-mail : registrarcu66@cu.ac.bd
Mobile Phone :


স্মারক নম্বর: জি-১২৩(বি-১৬)/সা. প্রশা./২০২৬/৯৭৯১

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

## -: অফিস আদেশ :-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পেনশনের ক্ষেত্রে Qualifying Service-এর সাথে অতীত চাকরিকাল গণনা করার আবেদনপত্র পেশ ও তা নিষ্পত্তির বেলায় নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করতে হবে:

১। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চাকরিতে প্রথম যোগদানের তারিখ হতে ১ (এক) বছরের মধ্যে পেনশনের ক্ষেত্রে Qualifying Service-এর সাথে অতীত চাকরিকাল গণনার বিষয় নিষ্পত্তি করার জন্য Chittagong University Employees' Pension/Gratuity Statutes অনুযায়ী বাধ্যবাধকতা থাকায় সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে বিশ্ববিদ্যালয়ে যোগদানের তারিখ হতে ৩ (তিন) মাসের মধ্যে নির্ধারিত আবেদন ফরমে (ফরম হিসাব নিয়ামক দপ্তর ও কেন্দ্রীয় স্টোরে পাওয়া যাবে) বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালক/অফিস প্রধানের মাধ্যমে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

২। প্রার্থীকে পূর্ববর্তী চাকরির নিয়োগকারী প্রতিষ্ঠান/যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সার্ভিস সনদপত্র (পদের নাম, বেতন স্কেল, চাকরিকাল, চাকরিকালে বিনা বেতনে ছুটি ভোগ করে থাকলে তার বিবরণ, উত্তোলিত মোট ও নিট বেতনের পরিমাণ, অসমন্বিত ঋণ, প্রভিডেন্ট ফান্ড ও পেনশন/গ্র্যাচুইটি উত্তোলনসহ অন্যান্য আর্থিক সুবিধাদি গ্রহণ সংক্রান্ত বিবরণ) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৩। আবেদনপত্র প্রাপ্তির পর Pension/Gratuity Statutes অনুযায়ী আবেদনকারীর অতীত চাকরিকাল পেনশনের ক্ষেত্রে Qualifying Service-এর সাথে গণনাযোগ্য কি না, গণনাযোগ্য হলে তা কত দিন (বছর, মাস ও দিন) প্রযোজ্য হবে, গণনাযোগ্য হলে প্রার্থীকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে (Bank Account) মোট কত টাকা জমা দিতে হবে তা হিসাব নিয়ামক দপ্তর কর্তৃক নির্ধারণ করার পর প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য বিষয়টি সিন্ডিকেট সভায় পেশ করতে হবে।

৪। অতীত চাকরিকাল গণনার প্রস্তাব সিন্ডিকেট সভায় অনুমোদিত হলে নির্ধারিত অর্থ আবেদনকারী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে জমা দান এবং টাকা জমা দেয়ার প্রমাণক পেশ করা সাপেক্ষে অতীত চাকরিকাল গণনার পত্র ইস্যু করা হবে।

৫। Pension/Gratuity Statutes অনুযায়ী গণনাযোগ্য চাকরিকালই কেবল গণনা করা হবে। আবেদনকারীর প্রথম নিয়োগের দরখাস্তে অতীত চাকরি সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে উল্লেখ না করলে সে অতীত চাকরিকাল গণনা করা হবে না।

উপরোক্ত 'অফিস আদেশ' অবিলম্বে কার্যকর হবে এবং এটি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**(মো: হাছান মিয়া)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২। প্রভোস্ট, সকল হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/ওয়ার্ডেন, শিল্পী রশিদ চৌধুরী হোস্টেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

(পরের পৃষ্ঠা দ্রষ্টব্য)

(পূর্ব পৃষ্ঠার পর)

৩। সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/পরিচালক সকল ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৪। সকল অফিস প্রধান (কলেজ পরিদর্শক, চ.বি.; পরিচালক, আইকিউএসি, চ.বি.; প্রক্টর, চ.বি.; পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, চ.বি.; পরিচালক, চাকসু কেন্দ্র, চ.বি.; গ্রন্থাগারিক, চ.বি.; হিসাব নিয়ামক, চ.বি.; পরীক্ষা নিয়ন্ত্রক, চ.বি.; পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, চ.বি.; পরিচালক, জাদুঘর, চ.বি.; পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চ.বি.; পরিচালক, বিজ্ঞান ওয়ার্কশপ, চ.বি.; প্রশাসক, পরিবহণ দপ্তর, চ.বি.; প্রশাসক, চ.বি. প্রেস; প্রশাসক, এস্টেট শাখা, চ.বি.; প্রশাসক, প্রকৌশল দপ্তর, চ.বি.; প্রশাসক, নিরাপত্তা দপ্তর, চ.বি.; সমন্বয় কর্মকর্তা, বিএনসিসি, চ.বি.; প্রধান প্রকৌশলী, চ.বি.; পরিচালক, শারিরীক শিক্ষা বিভাগ, চ.বি.; চিফ মেডিকেল অফিসার, চ.বি.; খতিব, কেন্দ্রীয় জামে মসজিদ, চ.বি.; অধ্যক্ষ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ; পরিচালক, চ.বি. কৃষি উন্নয়ন প্রকল্প; পরিচালক, ব্যুরো অব বিজনেস রিসার্চ, চ.বি.; কোষাধ্যক্ষ, চাকসু কেন্দ্র, চ.বি.; পরিচালক, আইসিটি সেল, চ.বি.; পরিচালক, সমাজ বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউট, চ.বি.; পরিচালক, সিইউ-অফিস ফর ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স,; পরিচালক, মানসিক স্বাস্থ্য কেন্দ্র; চ.বি.; পরিচালক, নজরুল গবেষণা কেন্দ্র চ.বি.; পরিচালক, জামাল নজরুল ইসলাম সেন্টার ফর এডভান্সড রিসার্চ, চ.বি.; পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডে-কেয়ার সেন্টার; পরিচালক, স্যাটেলাইট ওশান অবজারভেশন এন্ড ডাটা ইনোভেশন সেন্টার, চ.বি.; পরিচালক, কনফুসিয়াস ইনস্টিটিউট, চ.বি.; পরিচালক, ইনস্টিটিউশনাল র‍্যাঙ্কিং সেল, চ.বি.।

৫। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষক নিয়োগ সেল, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৬। ডেপুটি রেজিস্ট্রার, অফিসার ও সাবসিডিয়ারী নিয়োগ সেল, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৭। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষক ব্যক্তিগত নথি সেল, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৮। ১১ থেকে ১৬ তম গ্রেডভুক্ত কর্মচারী (৩য় শ্রেণী) সেল, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৯। ১৭ থেকে ২০ তম গ্রেডভুক্ত কর্মচারী (৪র্থ শ্রেণী) সেল, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: জি-১২৩(বি-১৬)/সা. প্রশা./২০২৬/৯৭৯১ তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিখানা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

২। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষক নিয়োগ সেল, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৩। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিষয়টি সিন্ডিকেট সভায় রিপোর্ট করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

৪। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

৫। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

১৭.৭.২০২৬

(মোহাম্মদ আল রিজোয়ানুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
জেনারেল শাখা, রেজিস্ট্রার দপ্তর, চ. বি.।

আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
গ্রহণের তারিখ: ১-৯-২৬ সময়:
ক্রমিক নং: ১ স্বাক্ষর: